

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.২২৯.০৮.৭২৫.২৪ নথির বিষয়ঃ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ঢাকা ওয়াসার কর্মপরিকল্পনা

নোটঃ ১ নোটের বিষয়ঃ “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ঢাকা ওয়াসার কর্মপরিকল্পনা” বিষয়ে অনলাইনে (Zoom) ২টি কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২১/৪/২৪ ২:২৭ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ৬.১.১ এ (সংযুক্ত) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ০২ (দুই) টি কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করার এবং কর্ম পরিকল্পনা প্রস্তুত করার নির্দেশনা রয়েছে। সেই আলোকে ইতিমধ্যে ঢাকা ওয়াসার জন্য একটি কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রস্তুতকৃত কর্ম পরিকল্পনার উপর ঢাকা ওয়াসায় কর্মরত উপ-বিভাগীয়/সহকারী/উপ-সহকারী প্রকৌশলীদের এবং সমপর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে অনলাইনে ০২ (দুই) টি কর্মশালা আয়োজনের জন্য জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ঢাকা এনভায়রনমেন্টালি সাসটেইনএবল ওয়াটার সাপ্লাই প্রজেক্টে ও আহবায়ক, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম, ঢাকা ওয়াসা ডি-নথিতে (নোটের কপি সংযুক্ত) অনুরোধ জানিয়াছেন। তদপ্রেক্ষিতে, কর্মশালা দুটির ১মটি আগামী ০৭ মে ২০২৪ ইং তারিখ রোজ মঙ্গলবার এবং ২য়টি আগামী ০৮ জুন ২০২৪ ইং রোজ মঙ্গলবার অথবা সুবিধাজনক সময়ে দুপুর ০২.০০ হতে বিকাল ০৪.৩০ সময়ে অনলাইনে (Zoom) আয়োজন করা যেতে পারে। ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম, ঢাকা ওয়াসা কর্তৃক উক্ত দুটি কর্মশালার জন্য প্রস্তুতকৃত কর্মসূচী (সংযুক্ত) এবং প্রত্যেক কর্মশালায় অংশগ্রহণের জন্য ৪০ (চল্লিশ) জন হিসেবে মোট ৮০ (আশি) জন অংশগ্রহণকারীদের খসড়া তালিকা (সংযুক্ত) সদয় অবলোকন করা যেতে পারে। উক্ত কর্মশালায় এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা হতে “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ” বিষয়ে এক্সপার্ট বক্তাকে আমন্ত্রণ জানানো হবে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। ২০২৩-২৪ ইং অর্থ বছরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা.pdf
- ২। Note from EG&Innovation Team.pdf
- ৩। Program_All.pdf
- ৪। PPs List_Dnothi.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২১/৪/২৪ ২:২৮ অপরাহ্ন

উক্ত ২টি কর্মশালা আয়োজনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	১৪,০০০/-	(১ সেশন ২০০০/- টাকা হারে + ২ সেশন ২৫০০/- টাকা হারে)×২ টি কর্মশালা
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	২৪,০০০/-	২ টি প্রশিক্ষণের ৮০ জন অর্ধ-দিবস ৩০০/- টাকা হারে
(গ) বিবিধ	৪,০০০/-	২ কর্মশালার জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=৪২,০০০ /-	(কথায়ঃ টাকা বিয়াল্লিশ হাজার মাত্র)


অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২১/৪/২৪ ২:২৯ অপরাহ্ন

এমতাবস্থায়, উক্ত ০২টি কর্মশালায় অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত প্রতি ব্যাচে ৪০ (চল্লিশ) জন হিসেবে ৮০ (আশি) জন কর্মকর্তার মনোনয়ন, “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ঢাকা ওয়াসার কর্মপরিকল্পনা”-শীর্ষক কর্মশালার কর্মসূচী এবং কর্মশালা আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ খাতের বরাদ্দ হতে সর্বমোট টাকা=৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।



২১/৪/২৪ ২:৩৯ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র



২১/৪/২৪ ২:৫২ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



২১/৪/২৪ ৩:০৮ অপরাহ্ন
মোঃ আভারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

২১/৪/২৪ ৩:০৮ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৪/৫/২৪ ৯:৩৩ পূর্বাহ্ন

Okay



৪/৫/২৪ ৯:৩৩ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



৪/৫/২৪ ১০:২৬ পূর্বাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



৪/৫/২৪ ১১:৫৭ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা